



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
এনএসসি টাওয়ার (১২তলা)
৬২/৩ পুরানা পাল্টন
ঢাকা-১০০০।

এমআরএ/সার্কুলার লেটার নং- রেগু-১২

তারিখ : ৩০ ফাল্গুন ১৪১৮ বাংলা
১৩ মার্চ ২০১২ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রখণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ক্ষুদ্রখণ প্রতিষ্ঠানের বহিঃনিরীক্ষক নিয়োগ প্রসঙ্গে।

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর ৪৭ বিধি অনুযায়ী প্রত্যেক ক্ষুদ্রখণ প্রতিষ্ঠান প্রতি অর্থ বছর শেষ হওয়ার পরবর্তী ০৩ মাসের মধ্যে তাদের হিসাব বিবরণীগুলো মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি'র তালিকাভুক্ত বহিঃনিরীক্ষক ফার্ম দ্বারা নিরীক্ষা কার্য সম্পাদন করে সাধারণ পর্যবেক্ষণ অনুমোদন গ্রহণ সাপেক্ষে অথরিটিতে দাখিল করতে হয়। নিরীক্ষা কার্যের অধিকতর স্বচ্ছতা ও গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে তালিকাভুক্ত কোন বহিঃনিরীক্ষক ফার্ম দ্বারা একনাগাড়ে ০৩ (তিনি) বারের বেশি নিরীক্ষা কার্য সম্পাদন না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সংশ্লিষ্ট সকল ক্ষুদ্রখণ প্রতিষ্ঠানকে এখন থেকে নিরীক্ষা ফার্ম নিয়োগের ক্ষেত্রে উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন করার পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)
পরিচালক
ফোন : ৯৫৬৬৫১২

অনুলিপি নং- এমআরএ/রেগুলেশন-৯(৪)/২০১১-২০১২-

তারিখঃ ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।
৬. নির্বাহী পরিচালক, ক্রেডিট এন্ড ডেভেলপমেন্ট ফোরাম।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
উপ-পরিচালক
ফোন: ৯৫৬৬৫১৪